# নির্দিষ্টকরণ আইন, ২০০৯

( ২০০৯ সনের ৩৭ নং আইন )

**২০১০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ২০১০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**২০০৯-২০১০ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৮৯৯৫৯,৯৬,৬৯,০০০ টাকা প্রদান**

২। ২০১০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এক লক্ষ ঊননব্বই হাজার নয়শত ঊনষাট কোটি ছিয়ানব্বই লক্ষ ঊনসত্তর হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩।এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division

Ministry of Law, Justice and Parliamentary Affairs